

## ■■ সহীহ মুসলিম (হাদীস একাডেমী)

হাদিস নাম্বারঃ ৪৫৯৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ১৮১৭]
৩৩। জিহাদ ও সফর (کتاب الجهاد والسير)
পরিচ্ছেদঃ ৫১. যুদ্ধ অভিযানে কাফিরদের সাহায্য গ্রহণ মাকরূহ

# باب كَرَاهَةِ الإسْتِعَانَةِ فِي الْغَزْوِ بِكَافِرٍ

#### আরবী

حَدَّثَنِي زُهُيْرُ بُنُ حَرْب، حَدَّثَنَا عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِي، عَنْ مَالِك، ح وَحَدَّثَنِيهِ أَبُو الطَّهِرِ \_ وَاللَّفْظُ لَهُ \_ حَدَّثَنِي عَبْدُ اللَّهِ بْنُ وَهْب، عَنْ مَالِك بْنِ أَنس، عَنِ الْفُضَيْل بْنِ أَبِي، عَبْدِ اللَّهِ عَنْ عَبْدِ اللَّهِ بْنِ نِيَارِ الأَسْلَمِي، عَنْ عُرْوَةَ بْنِ الزُّبَيْرِ، عَنْ عَائِشَةَ، زَوْجِ النَّبِيِ صَلَى الله عليه وسلم قَبَلَ بَدْرٍ النَّبِيِ صَلَى الله عليه وسلم أَنَّهَا قَالَتْ خَرَجَ رَسُولُ اللَّهِ صَلَى الله عليه وسلم قِبَلَ بَدْرٍ النَّبِيِ صَلَى الله عليه وسلم قَبَل يَدْرِ النَّابِيِ صَلَى الله عليه وسلم قَبَل بَدْرٍ وَسُولُ اللَّهِ صَلَى الله عليه وسلم قَبَل بَدْر رَسُولُ اللَّهِ صَلَى الله عليه وسلم " تُوْمِنُ بِاللَّهِ وسلم جَنْتُ لأَتَّبِعَكَ وَأُصِيبَ مَعَكَ قَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَى الله عليه وسلم " تُوْمِنُ بِاللَّهِ وَسلم جَنْتُ لأَتَّبِعَكَ وَأُصِيبَ مَعَكَ قَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَى الله عليه وسلم " تُوْمِنُ بِاللَّهِ وَرَسُولِهِ " . قَالَ لاَ قَالَ لاَ قَالَ لَهُ كَمَا قَالَ لَهُ رَسُولُ اللَّهِ صَلَى الله عليه وسلم عَبْد وسلم الله عليه وسلم قَبَل الله عليه وسلم الله عَليه وسلم عَلَى الله عَليه وسلم عَلَى الله عَلَى الله عَلَى الله عَلَى اللهُ عَلَى اللهُ عَلَى الله عَليه وسلم كَمَا قَالَ أَوَّلَ مَرَّةٍ قَقَالَ لَهُ رَبُعُ فَقَالَ لَهُ الْبَيْدِاءِ " . قَالَ ثُمَّ رَجَعَ فَأَدْرَكَهُ بِالْبَيْدَاءِ عَلَى الله عَليه وسلم قَقَالَ لَهُ كَمَا قَالَ أَوْلَ مَرَّةٍ " تُؤْمِنُ بِاللَّهِ وَرَسُولِهِ " . قَالَ نَعُمْ . فَقَالَ لَهُ رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم " فَانْطَلِقْ " .

#### বাংলা

৪৫৯৪-(১৫০/১৮১৭) যুহায়র ইবনু হারব, আবূ তাহির (রহঃ) ..... আয়িশাহ্ (রাযিঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম বদর অভিমুখে রওয়ানা হলেন। যখন তিনি ওয়াবারাহ প্রান্তরে পৌছলেন, তখন এমন এক ব্যক্তি এসে তার সাথে সাক্ষাৎ করলো, যে পূর্ব থেকে তার শৌর্য-বীর্য ও সাহসিকতার জন্য প্রসিদ্ধ ছিল। রস্লুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম এর সাহাবীগণ তাকে দেখতে পেয়ে অত্যন্ত আনন্দিত হলেন। সে রস্লুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম-কে বলল, আমি আপনার সঙ্গে যেতে এবং আপনার সঙ্গে (গনীমাত) পেতে এসেছি। রস্লুল্লাহ সাল্লাল্লাছ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেনঃ তুমি কি আল্লাহ ও তার



রসূলের প্রতি ঈমান রাখ? সে বলল, না। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বললেনঃ তাহলে তুমি ফিরে যাও, আমি কোন মুশরিকের সাহায্য গ্রহণ করব না।

আয়িশাহ্ (রাযিঃ) বলেন, তখন লোকটি চলে গেল। যখন আমরা শাজারায় উপনীত হলাম, তখন সে ব্যক্তি তার সঙ্গে দেখা করলো এবং তার পূর্বের কথাই পুনরায় বললো, নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম-ও তার পূর্বের কথা পুনরায় বললেন, আরও বললেন, তুমি ফিরে যাও, আমি কোন মুশরিকের সাহায্য গ্রহণ করব না। এবারও সে চলে গেল। তারপর সে আবার বায়দা'তে তার (নবী সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম) সঙ্গে সাক্ষাৎ করলো। তখন রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে প্রথমবারের মত জিজ্ঞেস করলেন, তুমি কি আল্লাহ ও তার রস্লের প্রতি ঈমান রাখ? সে বলল, জী-হ্যাঁ। তখন রস্লুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম তাকে বললেন, এখন (আমাদের সাথে) চল। (ইসলামিক ফাউন্ডেশন ৪৫৪৯, ইসলামিক সেন্টার ৪৫৫২)

### **English**

It has been narrated on the authority of A'isha, wife of the Prophet (ﷺ), who said:

The Messenger of Allah (ﷺ) set out for Badr. When he reached Harrat-ul-Wabara (a place four miles from Medina) a man met him who was known for his valour and courage. The Companions of the Messenger of Allah (ﷺ) were pleased to see him. He said: I have come so that I may follow you and get a share from the booty. The Messenger of Allah (ﷺ) said to him: Do you believe in Allah and His Apostle? He said: No. The Messenger of Allah (ੴ) said: Go back, I will not seek help from a Mushrik (polytheist). He went on until we reached Shajara, where the man met him again. He asked him the same question again and the man gave him the same answer. He said: Go back. Im will not seek help from a Mushrik. The man returned and overtook him at Baida'? He asked him as he had asked previously: Do you believe in Allah and His Apostle? The man said: Yes. The Messenger of Allah (ੴ) said to him: Then come along with us.

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আয়িশা বিনত আবৃ বাকর সিদ্দীক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন